

Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 25 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাডেমিক ক্যালেন্ডারে অপ্রয়োজনীয় ছুটি কমিয়ে তা সংস্কারের দাবি জানিয়েছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, ইবি। রোববার (২৫ মে) বেলা ১১টায় উপাচার্য বরাবর রেজিস্ট্রারের কাছে একটি স্মারকলিপি প্রদান করেন সংগঠনের নেতৃত্বদরা।

এর আগে, শনিবার (২৪ মে) সংগঠনটির প্রধান সমন্বয়ক এস এম সুইট এক ফেসবুক বার্তায় জানান, “২০২৪-২৫ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছুটি ২৮ দিন, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪৩ দিন এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছুটি ৬৮ দিন। এত অধিক ছুটি সেশনজটের অন্যতম কারণ। তাই অপ্রয়োজনীয় ছুটি বাতিল করে একাডেমিক ক্যালেন্ডার বাস্তবসম্মত করতে হবে।”

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ইবি'র সহ-সমন্বয়ক তানভীর মাহমুদ মন্ডল বলেন, “মাত্রাতিরিক্ত ছুটি কমিয়ে একাডেমিক ক্যালেন্ডার সংস্কারের দাবিতে একাধিকবার উপাচার্য স্যারের সঙ্গে আলোচনা হয়েছে। তিনি আমাদের আশ্বস্ত করেছেন যে বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখা হবে।”

এ বিষয়ে উপাচার্য ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ বলেন, “আগামীকাল (২৬ মে) একাডেমিক কাউন্সিলের সভা রয়েছে। সেখানে বিষয়টি নিয়ে আলোচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া হবে।”

উল্লেখ্য, দীর্ঘমেয়াদি সেশনজট নিরসনে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমকে আরো গতিশীল করার আহ্বান জানিয়েছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। সংগঠনটির দাবি, সমন্বয়যোগী ও বাস্তবমুখী ক্যালেন্ডার শিক্ষার্থীদের ভবিষ্যতের জন্য অপরিহার্য।

ইসলামী বিশ্ববিদ্যালয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:43

URL: <https://www.timestodaybd.com/campus/7758072920>